# HISTORY

নতুন পাঠ্যক্রম

**(For Regular & External Candidates)**

## বিভাগ 'ক'

**১। সঠিক উত্তরটি নির্বাচন করো :** ২০×১=২০

১.১ মোহনবাগান ক্লাব আই.এফ.এ. শিল্ড জয় করেছিল—

(ক) ১৮৯০ খ্রিঃ (খ) ১৯০৫ খ্রিঃ (গ) ১৯১১ খ্রিঃ (ঘ) ১৯১৭ খ্রিঃ

১.২ দাদাসাহেব ফাল্‌কে যুক্ত ছিলেন—

(ক) চলচ্চিত্রের সঙ্গে (খ) ক্রীড়া জগতের সঙ্গে (গ) স্থানীয় ইতিহাসচর্চার সঙ্গে (ঘ) পরিবেশের ইতিহাসচর্চার সঙ্গে

১.৩ 'গ্রামবার্তা প্রকাশিকা' প্রকাশিত হত—

(ক) যশোর থেকে (খ) রানাঘাট থেকে (গ) কুষ্ঠিয়া থেকে (ঘ) বারাসাত থেকে

১.৪ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম বি. এ. পরীক্ষা অনুষ্ঠিত হয়—

(ক) ১৮৫৭ খ্রিঃ (খ) ১৮৫৮ খ্রিঃ (গ) ১৮৫৯ খ্রিঃ (ঘ) ১৮৬০ খ্রিঃ

১.৫ কলকাতা মেডিকেল কলেজের প্রথম অধ্যক্ষ ছিলেন—

(ক) ড. এম. জে. ব্রাম্‌লি (খ) ৫: এইচ. এইচ. গুডিভ (গ) ড: এন. ওয়ালিশ (ঘ) ড: জে. গ্রাণ্ট

www.target89.com

১.৬ তিতুমিরের প্রকৃত নাম ছিল—

(ক) চিরাগ আলি (খ) হায়দর আলি (গ) মির নিসার আলি (ঘ) তোরাপ আলি

১.৭ সন্ন্যাসী-ফকির বিদ্রোহের অন্যতম নেতা ছিলেন—

(ক) রানী কর্ণাবতী (খ) রানী শিরোমণি (গ) দেবী চৌধুরানী (ঘ) রানী দুর্গাবতী

১.৮ "বন্দেমাতরম্" সঙ্গীতটি রচিত হয়—

(ক) ১৮৭০ খ্রিঃ (খ) ১৮৭২ খ্রিঃ (গ) ১৮৭৫ খ্রিঃ (ঘ) ১৮৭৬ খ্রিঃ

১.৯ 'বর্তমান ভারত' গ্রন্থটি রচনা করেন—

(ক) অক্ষয় কুমার দত্ত (খ) রাজনারায়ণ বসু (গ) স্বামী বিবেকানন্দ (ঘ) রমেশচন্দ্র মজুমদার

১.১০ গগনেন্দ্রনাথ ঠাকুর ছিলেন—

(ক) সংগীত শিল্পী (খ) নাট্যকার (গ) কবি (ঘ) ব্যঙ্গ চিত্রশিল্পী

১.১১ 'বর্ণপরিচয়' প্রকাশিত হয়েছিল—

(ক) ১৮৪৫ খ্রিঃ (খ) ১৮৫০ খ্রিঃ (গ) ১৮৫৫ খ্রিঃ (ঘ) ১৮৬০ খ্রিঃ

১.১২ বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট প্রতিষ্ঠিত হয়—

(ক) ১৯০৫ খ্রিঃ (খ) ১৯০৬ খ্রিঃ (গ) ১৯১১ খ্রিঃ (ঘ) ১৯১২ খ্রিঃ

১.১৩ সর্বভারতীয় কিষান সভার প্রথম সভাপতি ছিলেন—

(ক) এন. জি. রঙ্গ (খ) স্বামী সহজানন্দ (গ) বাবা রামচন্দ্র (ঘ) লালা লাজপত রায়

১.১৪ কংগ্রেস সমাজতন্ত্রী দল প্রতিষ্ঠিত হয়েছিল—

(ক) কলকাতায় (খ) দিল্লিতে (গ) বোম্বাইতে (ঘ) মাদ্রাজে

১.১৫ 'ওয়ার্কার্স অ্যান্ড পেজেন্টস্ পার্টি' যুক্ত ছিল—

(ক) রাওলাট সত্যাগ্রহে (খ) অসহযোগ আন্দোলনে (গ) বারদৌলি সত্যাগ্রহে (ঘ) সাইমন কমিশন বিরোধী আন্দোলনে

১.১৬ বাংলার গভর্নর স্ট্যান্‌লী জ্যাক্‌সনকে হত্যা করার চেষ্টা করেন—

(ক) বীণা দাস (খ) কল্পনা দত্ত (গ) প্রীতিলতা ওয়াদ্দেদার (ঘ) সুনীতি চৌধুরী

১.১৭ অ্যান্টি সার্কুলার সোসাইটির সম্পাদক ছিলেন—

(ক) শচীন্দ্রপ্রসাদ বসু (খ) কৃষ্ণকুমার মিত্র (গ) চিত্তরঞ্জন দাস (ঘ) আনন্দমোহন বসু

১.১৮. ভাইকম সত্যাগ্রহ অনুষ্ঠিত হয়েছিল—

(ক) মালাবারে (খ) মাদ্রাজে (গ) মহারাষ্ট্রে (ঘ) গোদাবরী উপত্যকায়

www.target89.com

১.১৯ যে দেশীয় রাজ্যটি গণভোটের মাধ্যমে ভারতীয় ইউনিয়নের অন্তর্ভুক্ত হয়—

(ক) কাশ্মীর (খ) হায়দ্রাবাদ (গ) জুনাগড় (ঘ) জয়পুর

১.২০ ভাষাভিত্তিক গুজরাট রাজ্যটি গঠিত হয়—

(ক) ১৯৫৩ খ্রিঃ (খ) ১৯৫৬ খ্রিঃ (গ) ১৯৬০ খ্রিঃ (ঘ) ১৯৬৫ খ্রিঃ

## বিভাগ 'খ'

**২। যে কোনো ষোলটি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি প্রশ্নের উত্তর দিতে হবে) :** ১৬×১=১৬

### উপবিভাগ : ২.১

**একটি বাক্যে উত্তর দাও :**

(২.১.১) 'গোরা' উপন্যাসটি কে রচনা করেন?

(২.১.২) বাংলা ভাষায় প্রকাশিত প্রথম চিত্রিত গ্রন্থের নাম লেখো।

(২.১.৩) কোন্ বছর শ্রীরামপুর মিশন প্রেস প্রতিষ্ঠিত হয়?

(২.১.৪) উষা মেহতা কোন্ আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন?

### উপবিভাগ : ২.২

**ঠিক বা ভুল নির্ণয় করো :**

(২.২.১) 'সোমপ্রকাশ' পত্রিকার সম্পাদক ছিলেন দ্বারকানাথ বিদ্যাভূষণ।

(২.২.২) কলকাতা বিশ্ববিদ্যালয়-এর প্রথম মহিলা এম. এ. ছিলেন কাদম্বিনী বসু (গাঙ্গুলি)

(২.২.৩) বাংলায় সশস্ত্র বিপ্লবী আন্দোলনের অন্যতম নেত্রী ছিলেন বাসন্তী দেবী।

(২.২.৪) দীপালি সংঘ প্রতিষ্ঠা করেন কল্পনা দত্ত।

### উপবিভাগ : ২.৩

**'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :**

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| (২।৩.১) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | (১) হিন্দু বালিকা বিদ্যালয় |
| (২.৩.২ নবগোপাল মিত্র | (২) কৃষক আন্দোলন |
| (২.৩.৩) বীরেন্দ্রনাথ শাসমল | (৩) হিন্দু মেলা |
| (২.৩.৪) ড্রিঙ্কওয়াটার বেথুন | (৪) বঙ্গদর্শন |

www.target89.com

### উপবিভাগ : ৪

প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত ও নামাঙ্কিত কর :

(২.৪.১) সাঁওতাল বিদ্রোহের (১৮৫৫) এলাকা

(২.৪.২) বারাসাত বিদ্রেহের এলাকা।

(২.৪.৩) নীলবদ্রেহের অন্যতম কেন্দ্র : যশোর।

(২.৪.৪) দেশীয় রাজ্য হায়দ্রাবাদ।

### অথবা, কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য

শূন্যস্থান পূরণ কর :

(২.৪.১) সরলাদেবী চৌধুরানীর আত্মজীবনী গ্রন্থের নাম ________।

(২.৪.২) কলকাতা মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠিত হয় ________ খ্রিস্টাব্দে।

(২.৪.৩) সুই মুন্ডা ছিলেন ________ বিদ্রোহের অন্যতম নেতা।

(২.৪.৪) ভারতসভা প্রতিষ্ঠিত হয় ________ খ্রিস্টাব্দে।

### উপবিভাগ : ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক বাক্যটি নির্বাচন কর :

(২.৫.১) বিবৃতি : রামমোহন রায় লর্ড আমহার্স্টকে চিঠি লিখেছিলেন (১৮২৩ খ্রিঃ)।

ব্যাখ্যা ১ : সতীদাহ প্রথা বন্ধের অনুরোধ জানিয়ে।

ব্যাখ্যা ২ : ভারতে পাশ্চাত্য শিক্ষাবিস্তারের আবেদন জানিয়ে।

ব্যাখ্যা ৩ : ভারতে সংস্কৃত শিক্ষাবিস্তারের আবেদন জানিয়ে।

(২.৫.২) বিবৃতি : স্বামী বিবেকানন্দ 'বর্তমান ভারত' গ্রন্থটি রচনা করেন।

ব্যাখ্যা ১ : তাঁর উদ্দেশ্য ছিল আধুনিক ভারতের ইতিহাস প্রণয়ন করা।

ব্যাখ্যা ২ : তাঁর উদ্দেশ্য ছিল নব্য হিন্দুধর্ম প্রচার করা।

ব্যাখ্যা ৩ : তাঁর উদ্দেশ্য ছিল স্বাদেশিকতা প্রচার করা।

(২.৫.৩) বিবৃতি : বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে শ্রমিক-কৃষকদের জন্য কোনো কর্মসূচি গ্রহণ করা হয়নি।

ব্যাখ্যা ১ : শ্রমিক-কৃষকরা এই আন্দোলনের বিরোধী ছিল।

www.target89.com

ব্যাখ্যা ২ : ব্রিটিশ সরকার শ্রমিক-কৃষকদের আন্দোলনের উপর নিষেধাজ্ঞা জারি করেছিল।

ব্যাখ্যা ৩ : বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন ছিল মূলতঃ মধ্যবিত্ত শ্রেণির আন্দোলন।

(২.৫.৪) বিবৃতি : গান্ধিজি জমিদারদের বিরুদ্ধে কৃষক আন্দোলন সমর্থন করেননি।

ব্যাখ্যা ১ : গান্ধিজি ছিলেন জমিদারশ্রেণির প্রতিনিধি।

ব্যাখ্যা ২ : গান্ধিজ হিংসাত্মক আন্দোলনের বিরোধী ছিলেন।

ব্যাখ্যা ৩ : গান্ধিজি শ্রেণিসংগ্রামের পরিবর্তে শ্রেণি সমন্বয়ে বিশ্বাসী ছিলেন।

## বিভাগ 'গ'

**৩। দু'টি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোনো এগারোটি): ১১×২=২২**

৩.১ আঞ্চলিক ইতিহাসচর্চা গুরুত্বপূর্ণ কেন?

৩.২ 'সরকারি নথিপত্র' বলতে কী বোঝায়?

৩.৩ সংবাদপত্র এবং সাময়িক-পত্রের মধ্যে পার্থক্য কী

৩.৪ মধুসূদন গুপ্ত কে ছিলেন?

৩.৫ সন্ন্যাসী-ফকির বিদ্রোহ ব্যর্থ হল কেন?

৩.৬ নীল বিদ্রোহে খ্রিস্টান মিশনারীদের ভূমিকা কিরূপ ছিল?

৩.৭ জমিদারসভা ও ভারতসভার মধ্যে দুটি পার্থক্য লেখ।

৩.৮ উনিশ শতকে জাতীয়তাবাদের উন্মেষে 'ভারতমাতা' চিত্রটির কিরূপ ভূমিকা ছিল?

৩.৯ চার্লস উইলকিনস্ কে ছিলেন?

৩.১০ বাংলা লাইনোটাইপ প্রবর্তনের গুরুত্ব কী?

৩.১১ কৃষক আন্দোলনে বাবা রামচন্দ্রের কীরূপ ভূমিকা ছিল?

৩.১২ মাদারি পাশি কে ছিলেন?

৩.১৩ মাতঙ্গিনী হাজরা স্মরণীয় কেন?

৩.১৪ দলিত কাদের বলা হয়?

www.target89.com

৩.১৫ দার কমিশন (১৯৪৮) কেন গঠিত হয়েছিল?

৩.১৬ পত্তি শ্রীরামালু কে ছিলেন?

## বিভাগ 'ঘ'

৪। সাত বা আটটি বাক্যে যে-কোনো ছ'টি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্নের উত্তর দাও) : ৬×৪=২৪

### উপবিভাগ : ঘ.১

৪.১ 'নীলদর্পণ' নাটক থেকে উনিশ শতকের বাংলার সমাজের কীরূপ প্রতিফলন পাওয়া যায়?

৪.২ উনিশ শতকে নারীশিক্ষা বিস্তারে ড্রিঙ্কওয়াটার বেথুন কী ভূমিকা গ্রহণ করেছিলেন?

### উপবিভাগ : ঘ.২

৪.৩ হিন্দু মেলা প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?

৪.৪ 'বঙ্গভাষা প্রকাশিকা সভা'কে প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান বলা হয় কেন?

### উপবিভাগ : ঘ.৩

৪.৫ ছাপাবই-এর সঙ্গে শিক্ষাবিস্তারের সম্পর্ক বিশ্লেষণ কর।

৪.৬ বাংলায় বিজ্ঞান চর্চার বিকাশে ড. মহেন্দ্রলাল সরকারের কিরূপ অবদান ছিল?

### উপবিভাগ : ঘ.৪

৪.৭ ভারত সরকার কীভাবে দেশীয় রাজ্যগুলিকে ভারতীয় ইউনিয়নে সংযুক্ত করার প্রশ্নটি সমাধান করেছিল?

৪.৮ কীভাবে কাশ্মীর সমস্যার সৃষ্টি হয়।

## বিভাগ 'ঙ'

৫। পনেরো বা ষোলটি বাক্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১×৮

৫.১ বিদ্যাসাগরের নেতৃত্বে বিধবা বিবাহ আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও। বিদ্যাসাগর কতটা সাফল্য অর্জন করেছিলেন?

৫.২ বাংলায় কারিগরী শিক্ষার বিকাশের সংক্ষিপ্ত বিবরণ দাও। ৮

৫.৩ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে নারীসমাজ কীভাবে অংশগ্রহণ করেছিল? তাদের আন্দোলনের সীমাবদ্ধতা কী?

www.target89.com

(কেবলমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)

## বিভাগ 'চ'

৬। ৬.১ একটি সম্পূর্ণ বাক্যে উত্তর দাও (যে-কোনো চারটি) : ৪×১=৪

৬.১.১ 'নীলদর্পণ' নাটকটির রচয়িতা কে?

৬.১.২ হিন্দু কলেজ কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়?

৬.১.৩ 'আনন্দ মঠ' কে রচনা করেন?

৬.১.৪ কত খ্রিস্টাব্দে বিশ্বভারতী প্রতিষ্ঠিত হয়?

৬.১.৫ 'মাস্টারদা' নামে কে পরিচিত ছিলেন?

৬.১.৬ নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস-এর প্রথম সভাপতি কে ছিলেন?

৬। ৬.২ দুটি বা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোনো তিনটি): ৩×২=৬

৬.২.১ ডেভিড হেয়ার স্মরণীয় কেন?

৬.২.২ 'বিপ্লব' বলতে কী বোঝায়?

৬.২.৩ 'রসিদ আলি দিবস' কেন পালিত হয়েছিল?

৬.২.৪ 'ভারতভুক্তির দলিল' বলতে কী বোঝায়?

www.target89.com